

## ০৫(পাঁচ) দিনব্যাপী আইজিএ “ইলেকট্রনিক ও হার্ডওয়ারিং” প্রশিক্ষণ কোর্সের প্রতিবেদনঃ

বিগত ০১/০৬/২০২১খ্রিঃ হইতে ০৫/০৬/২০২১খ্রিঃ পর্যন্ত জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর আয়োজনে এবং উপজেলা সমবায় কার্যালয়, সদর, নোয়াখালী এর সার্বিক সহযোগিতায় সদর উপজেলার ০৫টি সমবায় সমিতির মোট ২৫ (পঁচিশ) জন সদস্যদের নিয়ে নোয়াখালী পৌর ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ এর হল রুমে ০৫(পাঁচ) দিনব্যাপী আইজিএ “ইলেকট্রনিক ও হার্ডওয়ারিং” বিষয়ক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী দিনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ আবু ইউসুফ, উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার বিভাগ, নোয়াখালী মহোদয়; প্রশিক্ষণ কোর্সে আরো উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ দেলোয়ার হোসেন, উপজেলা সমবায় কর্মকর্তা, সদর, নোয়াখালী। সভাপতিত্ব করেন জনাব মোঃ বেদন হোসেন খান, জেলা সমবায় অফিসার, নোয়াখালী।

জেলা সমবায় অফিসার, নোয়াখালী কর্তৃক স্বাগত বক্তব্যের পর প্রধান অতিথি “ইলেকট্রনিক ও হার্ডওয়ারিং” বিষয়ের উপর বক্তব্য প্রদান করেন। প্রধান অতিথি এই বিষয়টি পারিবারিক ও সামাজিক জীবনে অত্যন্ত তাৎপর্যপূর্ণ বলে অভিহিত করেন।

সমবায় এমন একটি জনকল্যাণ ও উন্নয়ন মূলক আর্থ-সামাজিক কর্মকান্ড যার মধ্যে নিহিত রয়েছে গণতন্ত্র, অর্থনীতি, সম্মিলিত কর্মপ্রয়াস, সদস্যদের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন। তিনি উপস্থিত সকলকে সমবায় ভিত্তিক সামাজিক উন্নয়ন কর্মকান্ডে উদ্বুদ্ধ হয়ে দেশের আর্থ সামাজিক উন্নয়নের জন্য প্রশিক্ষণের উপর গুরুত্বারোপ করেন।

০৫(পাঁচ) দিনব্যাপী আইজিএ “ইলেকট্রনিক ও হার্ডওয়ারিং” বিষয়ক প্রশিক্ষণ কোর্সে ১৫ টি সেশনে অতিথি বক্তা হিসাবে প্রশিক্ষণ প্রদান করেন জনাব মাহবুব হায়দার, প্রশিক্ষক(ইলেক্ট্রিক্যাল), যুব উন্নয়ন অধিদপ্তর, নোয়াখালী।

০৫ দিন ব্যাপী প্রশিক্ষণে প্রশিক্ষার্থীদের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা দেখা যায়। অতিথি বক্তার অনবদ্য পাঠদানের ফলে প্রশিক্ষার্থীগণ যথেষ্ট উপকৃত হয়েছেন যা সমাপনী দিনের প্রশিক্ষণ মূল্যায়নে প্রশিক্ষার্থীগণ উল্লেখ করেন যে, তারা জীবনে প্রথম এ ধরনের আইজিএ বা আয়বর্ধক কোর্সে অংশগ্রহণ করতে পেরে আবেগ-আপ্লুত হয়েছেন। তাঁরা এমন আরো প্রশিক্ষণ ও সরকারী সহায়তার জোর দাবী জানান। প্রশিক্ষণের সমাপনী দিনে সমবায় সমিতির সদস্যগণ জেলা সমবায় কর্মকর্তার সাথে উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। জেলা সমবায় কর্মকর্তার আহবানে প্রশিক্ষার্থীদের মধ্যে হতে সহযোগীতা সঞ্চয় ও ঋণদান সমবায় সং লিঃ এর সদস্য জনাব মোঃ আকবর হোসেন, প্রশিক্ষণের সার্বিক মূল্যায়ণ করে অভিমত ব্যক্ত করেন যে, আমরা এই প্রশিক্ষণের মাধ্যমে “ইলেকট্রনিক ও হার্ডওয়ারিং” বিষয়ে মূল্যবান ধারণা পেয়েছি, যা আমাদের ব্যক্তিগত ও সামাজিক জীবনে কাজে লাগাতে পারবো। আলোচনা শেষে জেলা সমবায় কর্মকর্তা প্রশিক্ষার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করে কোর্সের সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ বেদন হোসেন খান  
জেলা সমবায় অফিসার  
নোয়াখালী।